



# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১

ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

তারিখ: ১৩.১১.২০২৩

### প্রেস রিলিজ

#### পাবিপ্রবিতে ১০ দিনব্যাপী আন্তবিভাগ ফুটবল টুর্নামেন্ট শুরু

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে আজ সোমবার ১০ দিনব্যাপী আন্তবিভাগ ফুটবল টুর্নামেন্ট শুরু হয়েছে। দুপুরে বিশ্ববিদ্যালয় খেলার মাঠে উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন এবং উপ-উপাচার্য অধ্যাপক ড. এসএম মোস্তফা কামাল খান বেলুন উঁড়িয়ে ফুটবল টুর্নামেন্ট উদ্বোধন করেন।

এ সময় রেজিস্ট্রার বিজন কুমার ব্রহ্ম, প্রষ্ঠর ড. মো. কামাল হোসেন, ছাত্র উপদেষ্টা ড. মো. নাজমুল হোসেন, পাবিপ্রবি শাখা ছাত্রলীগের সভাপতি মো. ফরিদুল ইসলাম বাবু, সাধারণ সম্পাদক মো. নূরল্লাহসহ, শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন উদ্বোধন শেষে খেলোয়াড়দের উদ্দেশে বলেন, সৌহার্দ্যপূর্ণ পরিবেশে খেলা চালিয়ে যেতে হবে। প্রতিটি খেলায়ই হার-জিত আছে, এটিকে মাথায় রেখেই খেলোয়াড়দের সবচেয়ে ভালো খেলাটাই খেলতে হবে। পরাজিত হলেও আমাদের ভুলক্রটিগুলোকে খুঁজে বের করে সামনে অগ্রসর হবো এবং আমাদের নির্ধারিত গন্তব্যস্থলে পৌঁছানোর চেষ্টা করে যাব। সেই সাথে তোমাদের পড়াশোনার পাশাপাশি সহশিক্ষামূলক কার্যক্রমে আরও বেশি মনোযোগী হওয়া; শরীর ও মনকে সুস্থ এবং প্রশান্তিময় করে গড়ে তুলতে হবে।

উপ-উপাচার্য এবং টুর্নামেন্টের আহবায়ক অধ্যাপক ড. এস এম মোস্তফা কামাল খান বলেন, শরীরকে সুস্থ ও সবল রাখতে হলে খেলাধুলার কোনো বিকল্প নেই। শিক্ষার্থীদের পড়াশোনায় যেমন আগ্রহ থাকা দরকার, তেমনি তাদের খেলাধুলায়ও গুরুত্ব দিতে হবে। এর মাধ্যমে আমাদের দেহ-মন প্রফুল্ল ও সতেজ থাকে। খেলাধুলার মাধ্যমে আমাদের কাজের উদ্দীপনা আরও বেশিগুণে তুরান্বিত হয়। তাই প্রত্যেক শিক্ষার্থীকে খেলাধুলায় মনোযোগ বাঢ়াতে হবে।

আন্তবিভাগ ফুটবল টুর্নামেন্টে বিশ্ববিদ্যালয়ের ২১টি বিভাগ অংশগ্রহণ করছে। আজকের খেলায় অংশগ্রহণ করছে গণিত বনাম ব্যবসায় প্রশাসন বিভাগ, বাংলা বনাম ভূগোল ও পরিবেশ বিভাগ এবং সমাজকর্ম বনাম ইতিহাস বিভাগ।

(মো.বাবুল হোসেন)

সহকারী পরিচালক

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়